

## বাংলাদেশ কৃষি ব্যাংক বিভাগীয় কার্যালয়, খুলনা।

### ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, খুলনা এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, খুলনার ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

০১।	জনাব আশরাফুজ্জামান খান মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সভাপতি
০২।	জনাব শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফারসাল উপমহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য
০৩।	জনাব মোঃ আমিনুল ইসলাম উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য
০৪।	জনাব মোঃ রকিবুল বাশার উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।	সদস্য সচিব

০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার শুরুতেই সদস্য সচিব বিগত ০৭/১২/২০২১ তারিখে গঠিত বদলী জনিত কারণে বিভাগীয় নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ রিয়াজুল ইসলাম, সহকারী মহাব্যবস্থাপকের পদ শূন্য হওয়ায় অদ্য উপস্থিত ০৪ জন সদস্যদের নিয়ে কমিটি পুনর্গঠনের প্রস্তাব দেন। সভাপতি মহোদয় প্রস্তাবটি অনুমোদন করেন এবং তা পত্রাকারে জারীর নির্দেশনা প্রদান করেন।

০৩। সদস্য সচিব ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ০৭/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য আহ্বান জানান।

০৪। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

- ক) পুনর্গঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির কার্যালয় আদেশ ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।
- খ) অক্টোবর, ২০২১ হতে ডিসেম্বর, ২০২১ সময়কালের ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।
- গ) ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৫। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Rakibul*  
20/02/2022

(মোঃ রকিবুল বাশার)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

*Amimul*  
20/02/2022

(মোঃ আমিনুল ইসলাম)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

*Shahne*  
20/02/2022

(শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফারসাল)  
উপমহাব্যবস্থাপক  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সদস্য  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।

*Asraf*  
20/02/2022

(আশরাফুজ্জামান খান)  
মহাব্যবস্থাপক  
বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা  
ও  
সভাপতি  
বিভাগীয় নৈতিকতা কমিটি, খুলনা।